

২। **আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারাব্য উল্লিখিত কতিপয় সংস্কার সংশোধন :**

**(ক) মূলধনী সম্পদ:** আয়কর অধ্যাদেশের ধারার ০ এর - ০ এর ০ এ চট্টগ্রাম, নরসিংদী, মুন্সিগঞ্জ এবং

মানিকগঞ্জ জেলাকে অন্তর্ভুক্ত করে চট্টগ্রাম, নরসিংদী, মুন্সিগঞ্জ এবং মানিকগঞ্জ জেলার যে কোন জমিকে মূলধনী সম্পদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(খ) সমবায় সমিতি :** সমবায় সমিতি সংক্রান্ত নতুন আইন প্রণীত হওয়ায় আয়কর অধ্যাদেশের ধারার ০ সংশোধনের মাধ্যমে :

- (. ) শব্দগুলির পরিবর্তে সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং

আইন) - , (. ) শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে।

**(গ) উপ কর কমিশনার:** আয়কর অধ্যাদেশের ধারার ০ সংশোধনের মাধ্যমে ট্রান্সফার প্রাইসিং অফিসারকে উপ কর কমিশনারের

সংস্কার অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(ঘ) সিআইসি'র কর্মকর্তাদের পদবী :** আয়কর অধ্যাদেশের ধারা ০ এ বর্ণিত অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম মহাপরিচালক ও উপ মহাপরিচালক পদবী সমূহের পরিবর্তে পরিচালক, যুগ্ম পরিচালক, উপ পরিচালক ও সহকারী পরিচালক পদবী সমূহ প্রতিস্থাপন করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেলের সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কারণে আয়কর অধ্যাদেশে এরপ পরিবর্তন আনা হয়েছে।

**(ঙ) আর্থিক প্রতিষ্ঠান:** আয়কর অধ্যাদেশের ধারার ০ এর পর নতুন ০ সন্নিবেশের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানের সংজ্ঞা

প্রদান করা হয়েছে। নব সন্নিবেশিত সংজ্ঞামতে আর্থিক প্রতিষ্ঠান বলতে "আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩" এ উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাবে।

**(চ) পরিদর্শক:** আয়কর অধ্যাদেশের ধারার ০ সংশোধনের মাধ্যমে চলতি দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কর পরিদর্শককেও কর পরিদর্শকের

সংস্কার অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(ছ) বেতন:** আয়কর অধ্যাদেশের ধারার ০ এর - ০ এর পরিবর্তে প্রতিস্থাপনের

মাধ্যমে যে কোন মজুরী বা পরিশোধকে বেতন আয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত সংশোধনীর ফলে কোন নিয়োগকারী কর্তৃক পরিশোধিত প্রজেক্ট পে,

কমপেনসেশন পে, রিস্ক পে বা অন্য যে কোন নামে পরিশোধিত অর্থ বেতন আয়ের অন্তর্ভুক্ত হবে।